#### Notice 18.12.2021

All students of Birpara College are hereby informed that an awareness camp on West Bengal Student Credit Card Scheme (WBSCC) will be held on 20-12- 2021 (Monday), from 11.45 A.M. in Room No. 25. All are advised to attend the camp positively with the following documents attached below – Click Here



# পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প উচ্চশিক্ষা দপ্তর



#### প্রকল্পটি কী:

পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের স্বার্থে, তাঁদের শিক্ষাক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে স্বল্প সুদ অথচ দীর্ঘমেয়াদে পরিশোধযোগ্য সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত শিক্ষাঋণ প্রদান।

## কারা এই সুবিধা পাবে:

- ১। ভারতের নাগরিক এবং অন্ততপক্ষে ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাসকারী পরিবারভুক্ত শিক্ষার্থী।
- ২। আবেদন করার সময় শিক্ষাথীর বয়স অনধিক ৪০ বছর হতে হবে।
- ৩। পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃত বোর্ড/সংসদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সরকারি/বেসরকারি বিদ্যালয়/মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পাঠরত শিক্ষার্থী।
- 8। দেশ/বিদেশের যে কোনও স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয়/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্স সহ স্নাতক/স্নাতকোত্তর/পেশাগত/ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে পাঠরত শিক্ষার্থী।
- ৫। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং ইনস্টিটিউশনে প্রশিক্ষণরত শিক্ষার্থী। সব ক্ষেত্রেই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীকে সহ-ঋণগ্রহীতাকে সাথে করে ক্যাম্পে আসার জন্য অনুরোধ করা হছে।
- কী কী নিখ/তথ্য প্রয়োজন:
- ১। আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি/মাধ্যমিকের রেজিস্ট্রেশন নথির জেরক্স কপি।
- ২। আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ই-মেল আই ডি।
- ৩। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার (মা/বাবা/আইনি অভিভাবক) রঙিন ছবি।
- ৪। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার প্যান কার্ডের জেরক্স কপি। প্যান কার্ড না থাকলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকারপত্র।
- ৫। অভিভাবকের ঠিকানার প্রমাণপত্রের জেরক্স কপি ও মোবাইল ফোন নম্বর।
- ৬। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার ব্যাষ্কের তথ্য: ব্যাষ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আই এফ এস কোড ইত্যাদি সম্বলিত ঐ ব্যাষ্কের পাশবইয়ের প্রথম পাতার জেরক্স কপি।
- ৭। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার নমুনা স্বাক্ষর।
- ৮। শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স ফি সম্বলিত নথির জেরক্স কপি।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র/নথির জেরক্স কপি।

### বিশদে জানতে ও আবেদন করার জন্য:

www.wb.gov.in দেখুন বা https://banglaruchchashiksha.wb.gov.in-এর STUDENT CREDIT CARD ট্যাবে ক্লিক করুন বা https://wbscc.wb.gov.in দেখুন। ট্রোল ফ্রি নম্বর: ১৮০০১০২৮০১৪ অথবা ই-মেল করুন support-wbscc@bangla.gov.in বা contactwbscc@gmail.com -এ।

পশ্চিমবঙ্গ সরকার